

শ্রীশ্রীহরি সঙ্গীত

৩৩

- ৪। জগদীশ গুণনিধি, করলেন কামনা নদী, তথা স্নান করে যদি।
ও তার মোক্ষ ফলের নাই অবধি, গুরুচাঁদ রাখেন পদে।।
- ৫। গৌসাই তারকচন্দ্র কয়, ধামে যাওয়া বড় দায়,
ভাগ্যে কি যেন কি হয়।
এবার অশ্বিনী ভুলিল মায়ায়, কেঁদে মরি ঐ খেদে।।

৪৩ নং তাল-ঠুংরী

গুরুচাঁদ এমন চাঁদকে ভবে আনিল, কোন গুণে জগোমন বাঞ্চিল।
জগোমন বাঞ্চিল, জগোমন বাঞ্চিল।।

- ১। এক পলকে দেখলে শতবার, অনিবার্য, পিপাসা
হারে বাড়ে অনিবার,
জীবের চিত্ত-চকোর হ'য়ে বিভোর, রূপরসে মেতে গেল।
- ২। না জানি কি মোহিনী জানে, কুলজার মন প্রাণ ধরিয়া টানে,
কিবা বাল্য বৃদ্ধ গুণে বাধ্য, রূপ দেখে পাগল হল।।
- ৩। হরি নামের তরশী ল'য়ে, অকামনা প্রেম ভক্তি বোঝাই করিয়ে,
প্রভুর ভক্তের সঙ্গে, পরম রঙ্গে জগতে বিলাইল গো।।
- ৪। অকাতরে বিলায়ে প্রেমধন, অচেতন্য কলির জীব করিতে চেতন,
এল পরম দয়াল, দুঃখী কাঙ্গাল তাপিতের প্রাণ জুড়ালো।।
- ৫। আনন্দে চাঁদ মহানন্দ কয়, কোটি চন্দ্র বিরাজে মোর
গুরুচাঁদের পায়,
এবার অশ্বিনী ভুলিস না মায়ায়, প্রেমের বাজার চলো।।

৪৪ নং তাল-ঠুংরী

- হরিচাঁদ হেরে জীবন জুড়ালো, ও প্রেমরসে হারে জগৎ মাতালো।।
- ১। দুঃখী তাপীর জুড়াতে জীবন, ওড়াকান্দি হরিচাঁদ এবার
করলেন আগমন,